**অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে:** 4/28/2023 **গভর্নর ক্যাথি হোকল**

# গভর্নর হোকল NY গ্রিন ব্যাংকের 250 মিলিয়ন মার্কিন ডলারের কমিউনিটি ডিকার্বোনাইজেশন তহবিল শুরুর ঘোষণা করলেন

***সম্প্রদায়ভিত্তিক ঋণদাতাদের স্বল্প খরচে প্রদত্ত মূলধন সুবিধাবঞ্চিত সম্প্রদায়সমূহে গ্রিনহাউজ গ্যাস নিঃসরণ হ্রাসকারী প্রকল্পসমূহের সমর্থন করবে***

***2050 সালের মধ্যে 85 শতাংশ গ্রিনহাউজ গ্যাস নিঃসরণ হ্রাস করার দেশের শীর্ষস্থানীয় জলবায়ু লক্ষ্য সমতার সাথে অগ্রসর করা ত্বরান্বিত করবে***

***পরিচ্ছন্ন শক্তি বিনিয়োগের 40 শতাংশ সুবিধাবঞ্চিত সম্প্রদায়সমূহের জন্য লাভজনক করার লক্ষ্য নিয়ে কমপক্ষে 35 শতাংশ অর্জন করা নিশ্চিত করার জলবায়ু লক্ষ্যকে সমর্থন করবে***

গভর্নর ক্যাথি হোকল আজকে ঘোষণা করেছেন যে নিউইয়র্ক স্টেটের শক্তি গবেষণা ও বিকাশ কর্তৃপক্ষের (New York State Energy Research and Development Authority, NYSERDA) একটি বিভাগ এবং স্টেটের পরিচ্ছন্ন শক্তি ও টেকসই অবকাঠামো অর্থায়নের সত্তা, NY গ্রিন ব্যাংক (NY Green Bank) একটি 250 মিলিয়ন মার্কিন ডলারের কমিউনিটি ডিকার্বোনাইজেশন তহবিল (Community Decarbonization Fund, CDF) শুরু করেছে। CDF, একটি পাইকারি ঋণদান ব্যবস্থা যা স্বল্প খরচে কমিউনিটি বিকাশ আর্থিক প্রতিষ্ঠানসমূহকে (Community Development Financial Institution, CDFI) এবং অন্যান্য মিশনচালিত ঋণদাতাদেরকে স্থানীয় পরিচ্ছন্ন শক্তি এবং ভবনের বৈদ্যুতিকরণ প্রকল্পসমূহ এবং অন্যান্য কাজের সুযোগের জন্য মূলধন প্রদান করবে, এটি ঋণদাতাদেরকে এমন প্রকল্পের অর্থায়নে সমর্থন করবে যা সুবিধাবঞ্চিত সম্প্রদায়সমূহে (disadvantaged communities, DAC) গ্রিনহাউজ গ্যাস নিঃসরণ হ্রাস করবে। 2050 সালের মধ্যে 85 শতাংশ গ্রিনহাউজ গ্যাস নিঃসরণ হ্রাস করা এবং পরিচ্ছন্ন শক্তিতে বিনিয়োগের লাভের 40 শতাংশের লক্ষ্য নিয়ে কমপক্ষে 35 শতাংশ সুবিধাবঞ্চিত সম্প্রদায়সমূহকে প্রদান নিশ্চিত করার জন্য জলবায়ু নেতৃত্ব ও সম্প্রদায় সুরক্ষার আইনের (Climate Leadership and Community Protection Act) লক্ষ্যসমূহকে নিউ ইয়র্ক যে সমতার সাথে অগ্রসর করছে সেটিকে আজকের ঘোষণাটি সমর্থন করে।

"আমরা যখন সকল নিউ ইয়র্কবাসীর জন্য একটি সমতার, পরিচ্ছন্ন শক্তির ভবিষ্যৎ গঠন করা অব্যাহত রেখেছি, তখন NY গ্রিন ব্যাংক একটি স্পষ্ট সঙ্কেত প্রদান করছে যে সবুজ অবকাঠামো

ও অর্থনৈতিক বিকাশের ক্ষেত্রে আমাদের স্টেটই শীর্ষে রয়েছে," **গভর্নর হোকল বলেন।**"আমরা যখন সকলের জন্য একটি সবুজতর নিউ ইয়র্ক নিশ্চিত করতে কাজ চালিয়ে যাচ্ছি তখন আমাদের স্টেটজুড়ে সুবিধাবঞ্চিত সম্প্রদায়সমূহে পরিচ্ছন্ন শক্তি প্রকল্পসমূহের সমর্থন করার জন্য সম্প্রদায়ভিত্তিক ঋণদাতাদের সক্ষমতা বৃদ্ধি করা হলে তা নবায়নযোগ্য শক্তি এবং আরো স্বাস্থ্যকর, সাশ্রয়ী আবাসন পাওয়ার সুযোগ বৃদ্ধি করবে।"

**NYSERDA এর প্রেসিডেন্ট ও প্রধান নির্বাহী কর্মকর্তা ডোরিন এম. হ্যারিস বলেন,** "স্টেটজুড়ে সুবিধাবঞ্চিত সম্প্রদায়সমূহে পরিচ্ছন্ন শক্তিতে স্থানান্তরের সুবিধা প্রদান করার জন্য অভীষ্ট এই প্রয়াসের জন্য বাসিন্দাদের স্থানীয় চাহিদা সম্পর্কে অবগত সম্প্রদায়ভিত্তিক সংগঠনসমূহের জন্য সমর্থন অতি গুরুত্বপূর্ণ। স্টেকহোল্ডারদের মতামত অত্যন্ত মূল্যবান এবং এটি নতুন এই তহবিলের ভিত্তি হিসেবে কাজ করেছে, যার ফলে ভবনের শক্তি দক্ষতা অগ্রসর করবে এমন বহু প্রকল্পসমূহের জন্য সমর্থন পাওয়া সম্ভব হবে।"

**NY গ্রিন ব্যাংকের প্রেসিডেন্ট অ্যান্ড্রু কেসলার বলেন,** "বাজারে শূন্যস্থান পূরণ করার জন্য NY গ্রিন ব্যাংকের মনোযোগসমূহের মধ্যে রয়েছে পণ্যসমূহ যাতে তাদের চাহিদার সাথে মানানসই হয় তা নিশ্চিত করা। কমিউনিটি ডিকার্বোনাইজেশন তহবিল গঠন করার জন্য অতি গুরুত্বপূর্ণ যে মতামত আমরা পেয়েছি তার জন্য আমরা সত্যিই কৃতজ্ঞ এবং সবুজ সেরা অনুশীলনসমূহকে সম্প্রদায়ভিত্তিক ঋণদাতাদের ইতিমধ্যেই সফল ঋণদানে যুক্ত করার জন্য আমরা উৎসুক।"

**NY গ্রিন ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক ডেভিড ডেভেনপোর্ট বলেন,** "NY গ্রিন ব্যাংকের কমিউনিটি ডিকার্বোনাইজেশন তহবিলটি হলো ও আমাদের পণ্যের বিস্তৃতি সম্প্রসারিত এবং ধারাবাহিকভাবে উন্নত করার জন্য এবং একইসাথে নিউ ইয়র্কের ঐতিহাসিকভাবে সুবিধাবঞ্চিত সম্প্রদায়সমূহের মধ্যে আরো কার্যকরভাবে মূলধন ব্যবহার করার জন্য একটি বৃহত্তর প্রয়াসের মুখ্য একটি অংশ। এই উদ্যোগটি ব্যাপক ব্যাপ্তির স্টেকহোল্ডারদের যুক্ত করার মাধ্যমে একটি অন্তর্ভুক্তিমূলক পন্থার প্রতি আমাদের প্রতিশ্রুতির প্রতিফলন করে, এবং সম্প্রদায়ভিত্তিক ঋণদাতাদেরকে নিজেদের সম্প্রদায়ের প্রকল্পসমূহে সরাসরি সমর্থন প্রদান করার সুযোগ সম্প্রসারিত করতে দেওয়ার ব্যাপারে আমরা উন্মুখ।"

**কার্সে ইম্প্যাক্ট ফাইন্যান্সের পাবলিক পলিসি সেন্টার স্কুলের (Carsey School of Public Policy Center for Impact Finance) রিসার্চ ফেলো হানা ভ্যার্গাসন বলেন,** "ইম্প্যাক্ট ফাইন্যান্সের সেন্টারটির CDFIসমূহের সাথে এবং ঐতিহাসিকভাবে প্রান্তিক সম্প্রদায়সমূহে কর্মরত মানুষ, প্রকল্প নির্মাতা, ও সম্প্রদায়ভিত্তিক সংগঠনসমূহকে আর্থিক সমাধান প্রদানকারী অন্যান্য ঋণদাতাদের সাথে কাজ করার গভীর অভিজ্ঞতা রয়েছে। সেইসব ঋণদাতাদের জন্য NY গ্রিন ব্যাংকের কমিউনিটি ডিকার্বোনাইজেশন তহবিল একটি দারুন সুযোগ হিসেবে, এবং একটি স্বাগত চ্যালেঞ্জ হিসেবে উপস্থাপিত হচ্ছে এবং তাদের কর্মকাণ্ডের সার্বিক পোর্টফোলিওতে সবুজ ঋণদানের সেরা অনুশীলনসমূহ যুক্ত করার জন্য একটি আকর্ষণীয় প্রণোদনা হিসেবে এটির কাজ করতে পারা উচিত।"

**ফরসিথ স্ট্রিট অ্যাডভাইজার্সের (Forsyth Street Advisors) ব্যবস্থাপনা পরিচালক মাইকেল ফ্রিডম্যান-শ্ন্যাপ বলেন,** "নিউ ইয়র্ক স্টেটের ঐতিহাসিকভাবে সুবিধাবঞ্চিত সম্প্রদায়সমূহে পরিচ্ছন্ন শক্তি আনার জন্য NY গ্রিন ব্যাংকের কমিউনিটি ডিকার্বোনাইজেশন তহবিলটি একটি রূপান্তরমূলক বিনিয়োগ হাতিয়ার। প্রায়শই, নীতিমালা তৈরির সময় নিম্ন আয়ের সম্প্রদায়ের মূলধন চাহিদাকে অগ্রাহ্য করা হয়। নিম্ন আয়ের নিউ ইয়র্কবাসীদের চাহিদা সম্পর্কে জানে এমন সম্প্রদায়ভিত্তিক ঋণদাতাদের মাধ্যমে কাজ করে এমন একটি নমনীয় মূলধনের উৎস থাকায় সময়ের প্রয়োজন। কমিউনিটি ডিকার্বোনাইজেশন তহবিলের অনন্য প্রকৃতি ও মাত্রা জাতীয়ভাবে সুবিধাবঞ্চিত সম্প্রদায়সমূহে গ্রিন ব্যাংকসমূহের বিনিয়োগের গতি নির্ধারণ করতে সাহায্য করছে।"

**নিউ ইয়র্ক সিটির আবাসন অংশীদারিত্বের (New York City Housing Partnership) নির্বাহী ভাইস প্রেসিডেন্ট এবং HP সাস্টেইনেবিলিটির (HP Sustainability) প্রেসিডেন্ট এস্টার টপোরোভস্কি বলেন,** "NY গ্রিন ব্যাংকের কমিউনিটি ডিকার্বোনাইজেশন তহবিলের সূচনা সম্প্রদায়ভিত্তিক এবং মিশনচালিত ঋণদাতাদের জন্য নিজেদের আর্থিক সক্ষমতা বৃদ্ধি করে সবুজ ও টেকসই প্রকল্পসমূহকে অন্তর্ভুক্ত করার জন্য গুরুত্বপূর্ণ নতুন মূলধন সংস্থান প্রদান করে। HPN এবং এর গ্রাহকেরা, যাদের মধ্যে CDFI সমূহ, স্থানীয় ভিত্তিক নির্মাতা এবং সম্প্রদায়ভিত্তিক অলাভজনক সংগঠন রয়েছে, তাদের সকলেই নতুন এই সংস্থান থেকে যেই মূলধন যুক্ত হবে তার দ্বারা লাভবান হতে পারে।"

CDF যেখানে DACসমূহে সবুজ ঋণদান সম্প্রসারণ করার জন্য একটি উন্নত পন্থা ব্যবহার করে, NY গ্রিন ব্যাংক তখন এর সম্পূর্ণ ইতিহাসজুড়ে সক্রিয়ভাবে ঐতিহাসিকভাবে প্রান্তিক সম্প্রদায়সমূহের প্রকল্পসমূহকে সমর্থন করছে। 31 ডিসেম্বর, 2022 পর্যন্ত, NY গ্রিন ব্যাংক DACসমূহে অবস্থিত প্রকল্পসমূহের জন্য 216.5 মিলিয়ন মার্কিন ডলারের বেশি প্রতিশ্রুতি প্রদান করেছে, যার মধ্যে রয়েছে সাশ্রয়ী আবাসনের ছাদের উপরের সৌরশক্তি, এবং সম্প্রদায়ের ফ্যাসিলিটিসমূহ ও প্রার্থনার ঘরে পরিচ্ছন্ন হিটিং এবং কুলিং সমাধান(বিশেষ করে হিট পাম্প)। DAC সম্পর্কিত প্রকল্পসমূহের সমর্থনের জন্য NY গ্রিন ব্যাংকের বর্তমান পাইপলাইন ভবনের ডিকার্বোনাইজেশনের জন্য এবং/অথবা DAC এর সেবায় 100 মিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগ করার এবং 2025 সালের মধ্যে সবুজ সাশ্রয়ী আবাসনের জন্য 150 মিলিয়ন মার্কিন ডলারের জন্য CDF এর প্রতিশ্রুতিকে অগ্রসর করবে বলে আশা করা যাচ্ছে।

CDF এর কাঠামো, নকশা এবং এটি কী কী প্রদান করবে তা 2021 সালের ডিসেম্বরে শুরু হওয়া স্টেকহোল্ডারদের মতামত গ্রহণের প্রাথমিক ও চলমান অনুরোধ দ্বারা অবগত হয়েছে, এর জন্য 130টির বেশি সত্তার কাছে আমন্ত্রণ প্রেরণ করা হয়েছিলো এবং এর ফলে স্বতন্ত্র বৈঠক ও 11টি ছোট গ্রুপ ভার্চ্যুয়াল গোলটেবিল বৈঠক উভয় হয়েছে। এই সেশনগুলি স্টেকহোল্ডারদের জন্য বিদ্যমান অর্থায়নের শূন্যস্থান এবং DAC তে পরিচ্ছন্ন শক্তির বিনিয়োগের লাভ সম্প্রসারিত করবে এমন সম্ভাব্য সমাধান সনাক্ত করার সুযোগ হিসেবে কাজ করেছে। এইসব সেশনগুলিতে পাওয়া মতামতের একটি সারাংশ, যেখানে আজকে ঘোষিত তহবিলের জন্য সুপারিশ থাকবে, তা জনসেবা বিভাগের (Department of Public Service) সাথে দায়ের করা 2021-22 সংশোধিত বার্ষিক পরিকল্পনায় (Amended Annual Plan) রয়েছে এবং এটি NY গ্রিন ব্যাংকের ওয়েবসাইটে উপলভ্য আছে। প্রস্তাবনার অনুরোধের (request for proposals, RFP) সার্বিক কাঠামো, ধরন

এবং বিষয়বস্তুর ব্যাপারে অতিরিক্ত মতামতকে NY গ্রিন ব্যাংক স্বাগত জানাবে, এবং এটি investmentRFPs@greenbank.ny.gov এ ইমেইল করে প্রদান করা যাবে, ইমেইলের বিষয় লাইনের শিরোনাম হবে "NY গ্রিন ব্যাংক: RFP 23 মতামত"।

সর্বশেষ তথ্য প্রদান করতে এবং অংশগ্রহণকারী সংগঠনগুলির থেকে মতামত পেতে CDF এর বিকাশজুড়ে স্টেকহোল্ডারদের জড়িত করা হয়েছে, সংগঠনগুলির মধ্যে রয়েছে:

- প্রোপার্টি নির্মাতা, সেবা প্রদানকারী, মালিক ও পরিচালক;
- পরিবেশ সংক্রান্ত ন্যায়বিচারের অ্যাডভোকেট;
- সম্প্রদায়ভিত্তিক সংগঠন; এবং
- সম্প্রদায় বিকাশের প্রতিষ্ঠান এবং সাশ্রয়ী আবাসনের বলীয়ান পাইপলাইনসহ অন্যান্য বিশেষায়িত আর্থিক কোম্পানি এবং অন্যান্য DAC সম্পর্কিত পরিচ্ছন্ন শক্তি ও টেকসই অবকাঠামো প্রকল্প।

CDF, এর অভীষ্ট উদ্দেশ্য এবং যোগ্য প্রাপকদের সম্পর্কে আরো বিস্তারিত জানাতে NY গ্রিন ব্যাংক 11 মে, 2023, সকাল 10:00টায় একটি ওয়েবিনার আয়োজন করবে। অনুগ্রহ করে এখানে নিবন্ধন করুন। আরো বিস্তারিতের, জন্য অনুগ্রহ করে NY গ্রিন ব্যাংকের ওয়েবসাইট ভিজিট করুন।

সামগ্রিকভাবে, 2013 সালে শুরু এর সূচনার পর থেকে NY গ্রিন ব্যাংক 120টি লেনদেনের মাধ্যমে 1.9 বিলিয়ন মার্কিন ডলারের প্রতিশ্রুতি দিয়েছে এবং 31 ডিসেম্বর, 2022 পর্যন্ত 5.6 বিলিয়ন মার্কিন ডলার মূলধন সচল করেছে। NY গ্রিন ব্যাংকের বিনিয়োগ দ্বারা সমর্থিত প্রকল্পসমূহের ফলাফল হিসেবে বার্ষিক গ্রিনহাউজ গ্যাস নিঃসরণ 1,910,000 মেট্রিক টন পর্যন্ত হ্রাস পাবে বলে অনুমান করা যাচ্ছে, যা রাস্তা থেকে 415,000টি গাড়ি অপসারণ করার সমতুল।

**নিউ ইয়র্ক স্টেটের দেশের-নেতৃস্থানীয় জলবায়ু পরিকল্পনা**

নিউ ইয়র্ক স্টেটের দেশের-নেতৃস্থানীয় জলবায়ু এজেন্ডা একটি সুশৃঙ্খল ও ন্যায্য পরিবর্তনের দাবি জানায় যেটি পরিবার চালানোর উপযোগী কর্মসংস্থান তৈরি করবে, সব খাতে সবুজ অর্থনীতি লালন করা অব্যাহত রাখবে এবং নির্মল জ্বালানি সংক্রান্ত বিনিয়োগের 40 শতাংশ সুফল পৌঁছে দেওয়ার লক্ষ্য স্থির রেখে অন্তত 35 শতাংশ যেন সুবিধাবঞ্চিত সম্প্রদায়গুলোর কাছে পৌঁছায় তা নিশ্চিত করবে। দেশের সবচেয়ে আগ্রাসী জলবায়ু ও নির্মল জ্বালানি উদ্যোগগুলোর দিকনির্দেশনায়, নিউ ইয়র্ক 2040 সালের মধ্যে শূন্য-নির্গমনসম্পন্ন বিদ্যুৎ খাত অর্জনের পথে রয়েছে, যার মধ্যে 2030 সালের মধ্যে 70 শতাংশ নবায়নযোগ্য শক্তি উৎপাদন এবং শতাব্দির মাঝামাঝি সময়ের মধ্যে অর্থনীতিজুড়ে কার্বন নিরপেক্ষতা অর্জন করা অন্তর্ভুক্ত রয়েছে। এই পরিবর্তনের একটি ভিত্তি হলো নিউ ইয়র্কের অভূতপূর্ব নির্মল জ্বালানি বিনিয়োগ, যার মধ্যে রয়েছে স্টেট জুড়ে 120টি বড়-মাত্রার নবায়নযোগ্য ও বিতরণের প্রকল্পে 35 বিলিয়ন ডলারের বেশি, বিল্ডিং থেকে নির্গমন হ্রাস করার জন্য 6.8 বিলিয়ন ডলার, সৌর বিদ্যুতের মাত্রা বৃদ্ধি করার জন্য 1.8 বিলিয়ন ডলার, নির্মল পরিবহন উদ্যোগের জন্য 1 বিলিয়ন ডলারের বেশি, এবং NY গ্রীন ব্যাংক-এর প্রতিশ্রুতিতে 1.9 বিলিয়ন ডলারের বেশি বিনিয়োগ। এগুলো এবং অন্যান্য বিনিয়োগ 2021 সালে নিউ ইয়র্কের নির্মল জ্বালানি খাতে 165,000 এরও বেশি চাকরি, এবং 2011 সাল থেকে বিতরণকৃত সৌর খাতে 2,100 শতাংশ প্রবৃদ্ধি সমর্থন করছে। এছাড়া,

গ্রিনহাউস গ্যাস নির্গমন কমানো এবং বায়ুর মান উন্নত করার জন্য, নিউ ইয়র্ক শূন্য-নির্গমনসম্পন্ন যানবাহন সম্পর্কিত বিধিমালা গ্রহণ করেছে, যার মধ্যে 2035 সালের মধ্যে স্টেটে বিক্রি হওয়া সব যাত্রীবাহী গাড়ি ও ট্রাক শূন্য-নির্গমনসম্পন্ন হওয়া আবশ্যক হওয়ার বিষয়টি অন্তর্ভুক্ত রয়েছে। প্রায় 400 নিবন্ধিত এবং 100 প্রত্যয়িত জলবায়ু স্মার্ট সম্প্রদায় (Climate Smart Communities), প্রায় 500 পরিচ্ছন্ন শক্তি সম্প্রদায় (Clean Energy Communities), এবং বায়ু দূষণে হস্তক্ষেপ করতে সাহায্য করার জন্য এবং জলবায়ু পরিবর্তনের সাথে লড়াই করার জন্য স্টেটব্যাপী 10টি সুবিধাবঞ্চিত সম্প্রদায়ে স্টেটের বৃহত্তম সমপর্যায়ের বায়ু পর্যবেক্ষণ উদ্যোগ নিয়ে অংশীদারিত্বসমূহ নিউ ইয়র্কের জলবায়ু কর্মকাণ্ডকে অগ্রসর করা অব্যাহত রেখেছে।

###

আরো সংবাদ এখানে পাওয়া যাবে: www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন